

💵 আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ তাবুক যুদ্ধ - নবম হিজরীর রজব মাসে (غـزوة تبـوك في رجب سنة ٩هـ) রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

৭. বালী প্রতিনিধি দল (وَفْدُ بَلِي):

৯ম হিজরীর রবিউল আওয়াল মাসে এ দলটি মদীনায় আগমন করেন এবং ইসলাম গ্রহণের পর ৩ দিন সেখানে অবস্থান করেন। মদীনায় অবস্থান কালে দলের নেতা আবূ যবীর জিজ্ঞেস করেন যে, নিমন্ত্রণ করাতে কিরূপ সওয়াব আছে? উত্তরে রাসূলুল্লাহ (ﷺ) বললেন,

'ধনাত্য কিংবা মুখাপেক্ষীদের যে কোন ভাল আচরণই করবে সেটাই সাদকা হিসেবে পরিগণিত হবে।' তিনি জিজ্ঞেস করলেন, 'নিমন্ত্রণের সময় সীমা কত?

নাবী কারীম (্ৣে) উত্তর দিলেন, 'তিন দিন'।

তিনি আরও জিজেস করলেন, 'মালিক বিহীন হারানো ভেড়া কিংবা বকরী পেলে তার হুকুম কী? নাবী কারীম বললেন, مَا لَكُ أَوْ لِأَخِيْكَ أَوْ لِلنِّبْبِ) (তা তোমার কিংবা তোমার ভাইয়ের জন্য হবে অথবা বাঘের খোরাক হবে।' এরপর তিনি হারানো উট সম্পর্কে জিজেস করলে রাস্লুল্লাহ (ﷺ) বললেন, النَّهُ دَعْهُ حَتِّى 'এর সঙ্গে তোমার কী সম্পর্ক? তার মালিক প্রাপ্ত না হওয়া পর্যন্ত ওকে ছেড়ে দিতে হবে।'

• Source — https://www.hadithbd.com/books/link/?id=6440

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন